দৈনিক সংবাদ

তারিখ .. 10 JAN 1993
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ২ ...

### প্রকৌশল বিশ্ববিদ্যালয়

## প্রভোস্ট ও সহকারী প্রভোস্টদের সিদ্ধান্তের পরিবর্তন হয়নি

(বুয়েট সংবাদদাতা)

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টদের পদত্যাগের সিদ্ধান্তের কোন পরিবর্তন হয়নি। আজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির এক জরুরী সভায় এ ব্যাপারে আলোচনা হবে বলে জানা গেছে।

গতকাল শনিবার উপাচার্য হলসমূহের প্রভোস্ট ও সহকারী প্রভোস্টদের সাথে এক বৈঠকে ঘটনার জন্য সমবেদনা জানান এবং যথাযথ ব্যবস্থা গ্রহণের আশ্বাস প্রদান করেন।

গত বৃহস্পতিবার কয়েকজন বহিরাগত যুবক সোহরাওয়ার্দী হলের প্রভোস্টের অফিস ও গাড়ি ভাংচুর করলে গতকাল শুক্রবার সবগুলো হলের প্রভোস্ট ও সহকারী প্রভোস্ট একযোগে পদত্যাগ করেন।

### ঢাঃ বিঃ শিক্ষক সমিতির প্রতিবাদ

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক সংবাদ বিজ্ঞপ্তিতে শিক্ষক সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে গত বৃহস্পতিবার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সোহরাওয়ার্দী হলে পরিচালিত সন্ত্রাসী কার্যকলাপ ও প্রাধ্যক্ষের গাড়ি ভাংচুরের ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছে।